অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এম্পায়ার স্টেট এক্সেলেন্স ইন টিচিং পুরস্কারের প্রাপকদের নাম ঘোষণা করেছেন

পুরস্কার 54 জন P-12 পাবলিক স্কুল শিক্ষকদের স্বীকৃতি দেয় যারা শিক্ষকতা পেশায় শ্রেষ্ঠত্বের দৃষ্টান্তস্বরূপ

সম্মানিত ব্যক্তিরা তাদের পেশাগত শিক্ষার সুযোগগুলি সমর্থন করার জন্য 5,000 উপবৃত্তি পাবেন

গভর্নর ক্যাথি হোকল আজ এম্পায়ার স্টেট এক্সিলেন্স ইন টিচিং অ্যাওয়ার্ড (Empire State Excellence in Teaching Award) প্রাপকদের নাম ঘোষণা করেছেন। 54 জন P-12 পাবলিক স্কুলের শিক্ষকদের একজন শিক্ষাবিদ হিসাবে তাদের হৃদয়গ্রাহী দক্ষতা এবং তাদের সকল শিক্ষার্থীদের সাফল্যের প্রতি অঙ্গীকারবদ্ধতার জন্য পুরস্কৃত করা হয়েছে।

"এর আগে, এর পুরো সময় জুড়ে, এবং যখন আমরা এই মহামারীটি অতিক্রম করছি, শিক্ষকরা নিঃস্বার্থভাবে আমাদের বাচ্চাদের জন্য উপস্থিত থেকেছেন এবং আমাদের অশেষ কৃতজ্ঞতা তাদের প্রাপ্য।" **গভর্নর হোকল বলেন।** "তাদের প্রত্যেককে কঠোর পরিশ্রম এবং প্রচেষ্টার জন্য স্বীকৃতি দেওয়া অসম্ভব, কিন্তু আমি 54 জন অসামান্য শিক্ষাবিদকে তাদের শিক্ষার্থীদের প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য অভিনন্দন জানাতে পেরে আনন্দিত। তারা সেই মূল্যবোধ এবং মানসিকতাকে মূর্ত করে যা প্রতিটি শিক্ষাবিদদের থাকা উচিত এবং আমি তাদের প্রশংসা করি আমাদের মহান রাজ্য জুড়ে হাজার হাজার শিশুকে অনুপ্রাণিত করার জন্য।"

প্রাপকদের একটি বিস্তৃত আবেদনের সময়ের পরে পুরস্কৃত করা হয়, যেখানে বেশ কয়েকটি নিউ ইয়র্ক স্টেট পেশাদার শিক্ষা সমিতি নির্বাচন প্রক্রিয়ার সাথে জড়িত ছিল। শিক্ষার্থীদের সাফল্যের প্রতি তাদের আত্ম নিবেদনকে স্বীকৃতি জানানোর জন্য, পুরষ্কারপ্রাপ্তরা তাদের জ্ঞান এবং দক্ষতার বিকাশ চালিয়ে যাওয়ার জন্য পেশাদার শিক্ষার সুযোগগুলির জন্য আবেদন করার জন্য স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York) দ্বারা বিতরণ করা 5,000 ডলারের উপবৃত্তি পাবেন যা শিক্ষার্থীদের বৃদ্ধিকে আরও সমর্থন করবে।

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ স্ট্যানলি বলেছেন, "আমাদের মেধাবী এবং নিবেদিতপ্রাণ শিক্ষকদের উদযাপনের অংশ হতে পেরে

আমরা আনন্দিত। এই প্রাপকরা তরুণ শিক্ষার্থীদের শিক্ষাকে আলিঙ্গন করতে এবং উপভোগ করার জন্য কার্যকরভাবে অনুপ্রাণিত করার অর্থ কী তার মান নির্ধারণ করেন। আমি পুরষ্কারপ্রাপ্তদের আমার অভিনন্দন জানাই এবং আমাদের সকল শিক্ষকদের শিক্ষার প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য ধন্যবাদ জানাই যা শ্রেণীকক্ষে এবং তার বাইরে শিক্ষার্থীদের সাফল্য এবং আত্মবিশ্বাস তৈরি করে।"

প্রাপকদের তাদের সফল শিক্ষণ অনুশীলন, পাঠ্যক্রম এবং নির্দেশনা এবং পেশাদার শিক্ষার অন্তর্দৃষ্টি ভাগ করার জন্য পেশাদার সম্পৃক্ততার সুযোগও প্রদান করা হয়। পুরষ্কারপ্রাপ্তরা আঞ্চলিক উন্নয়ন নেতৃবৃন্দ, শিক্ষকের শিক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের নেতা, নীতিনির্ধারক এবং স্কুল নেতাদের সাথে শিক্ষার প্রবণতা সম্পর্কে পরামর্শ দেওয়ার জন্য কাজ করবেন।

প্রাপকরা রাজ্য জুড়ে দশটি অঞ্চল থেকে এসেছেন এবং তাদের মধ্যে আছেন একাধিক শিক্ষণ শংসাপত্র সহ 24 জন শিক্ষক এবং এমন শিক্ষক যারা কাউন্সেলিং, প্রাথমিক শিক্ষা, পরিবার এবং গ্রাহক বিজ্ঞান, সাক্ষরতা, গণিত, সঙ্গীত, বিজ্ঞান, সামাজিক অধ্যয়ন, প্রতিবন্ধী শিক্ষার্থী, TESOL, এবং বিশ্বের ভাষাসমূহ নিয়ে নির্দেশনা প্রদান করেন। নির্বাচিত পুরস্কারপ্রাপ্তরা গড়ে 16 বছরেরও বেশি সময় ধরে শিক্ষকতা করছেন।

প্রাপকদের একটি সম্পূর্ণ তালিকার জন্য, এখানে ক্লিক করুন।

রাজ্য সিনেটর শেলি মায়ার বলেন, "এম্পায়ার স্টেট এক্সিলেন্স ইন টিচিং অ্যাওয়ার্ড প্রাপ্তদের অভিনন্দন। আপনি প্রতিদিন কর্তব্য অতিক্রম করে এবং তার বাইরে গিয়ে আমাদের ছাত্র-ছাত্রীদেরদের শ্রেণীকক্ষের ভিতরে এবং বাইরে উন্নতি করতে সাহায্য করেন। আপনারা যা করেন তার জন্য ধন্যবাদ।"

বিধানসভার সদস্য মাইকেল বেনেডেটো বলেছেন, "আমি সমস্ত পুরস্কারপ্রাপ্তদের তাদের কঠোর পরিশ্রম এবং আত্ম নিবেদনের জন্য, আমাদের সব চেয়ে মূল্যবান সংস্থান - আমাদের তরুণ-তরুণীদের প্রতি - বিনিয়োগ করার জন্য প্রশংসা করি৷ আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই যে এতগুলি শিক্ষাবিদকে স্বীকৃতি দেওয়ার জন্য যারা প্রতিদিন তাদের ছাত্র-ছাত্রীদের জন্য কর্তব্য অতিক্রম করেন। শিক্ষকতা পেশার একজন ত্রিশ বছরের সদস্য হিসাবে, আমি জানি শিক্ষকদের যথাযথভাবে সম্মানিত করতে এবং পেশাজীবী হিসাবে তাদের ক্ষতিপূরণ পাওয়ার পথে আমাদের এখনও আরো পথ চলা বাকি আছে। এই পুরস্কারগুলি হল একটি উৎকৃষ্ট প্রথম প্রচেষ্টা।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে

SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো স্টেটে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি একটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। সামগ্রিকভাবে, SUNY প্রায় 1.3 মিলিয়ন শিক্ষার্থীকে

ক্রেডিট-বিয়ারিং কোর্স এবং প্রোগ্রাম, অব্যাহত শিক্ষা এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামে প্রশিক্ষণ দেয়। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2021 অর্থবছরে গবেষণা ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও ফ্যাকাল্টির উল্লেখযোগ্য অবদান ছিলো। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কিভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে www.suny.edu ওয়েবসাইট দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418